

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়
গাজীপুর- ১৭০৬।

স্মারক নং: বশেমুরক্বি/আইসিটি/বিজ্ঞপ্তি/০৫/২০১৭/২৩

তারিখ : ২৮/০৮/২০১৯

প্রাপক

সকল ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক/প্রক্টর/প্রভোস্ট/সহযোগী পরিচালক

.....
.....

বশেমুরক্বি, গাজীপুর- ১৭০৬।

বিষয়: ওয়েব সাইটে তথ্য হালনাগাদ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, আইসিটি সেলের উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট এর তথ্য হালনাগাদের জন্য গত ২১/০৮/২০১৯ তারিখে মাননীয় ভাইস-চ্যান্সেলর ও ট্রেজারার মহোদয়ের উপস্থিতিতে সম্মানিত ডীন, বিভাগীয় প্রধান, পরিচালক, প্রক্টর, সহযোগী পরিচালক এবং হল প্রভোস্টগণদের সম্মুখে এক মত বিনিময় সভা পুরাতন অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। ওয়েব সাইট-এ তথ্য হালনাগাদ নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপাচার্য মহোদয় সংশ্লিষ্ট সকলকে ওয়েব সাইটে তথ্য প্রদান পূর্বক সমৃদ্ধ ওয়েব সাইট তৈরী করার জন্য নির্দেশনা প্রদান করেন। সে লক্ষ্যে আগামী ১২/০৯/২০১৯ তারিখের মধ্যে স্ব-স্ব ওয়েব সাইট ভিজিট পূর্বক অপ্রদর্শিত প্রয়োজনীয় তথ্য প্রদানের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, উক্ত তারিখের পর নির্ধারিত সময়ে উপাচার্য মহোদয় অগ্রগতি মূলক সভা আহবান করবেন। ই-মেইল-এ তথ্য প্রদানের জন্য website@bsmrau.edu.bd মেইল এড্রেস খোলা রয়েছে; আইসিটি সেল হতে সার্বক্ষণিক সহযোগীতা নেয়া যাবে।

বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ই-মেইল ব্যবহারের জন্য উপাচার্য মহোদয় নির্দেশনা প্রদান করেছেন। সকল ডীন এবং বিভাগীয় প্রধানগণ দাপ্তরিক কাজে বিশ্ববিদ্যালয় প্রদত্ত ই-মেইল (.....@bsmrau.edu.bd) ব্যবহার নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। এতদসংক্রান্ত বিষয়ে আইসিটি সেল এ কর্মরত কম্পিউটার প্রোগ্রামার এর সহিত যোগাযোগ করা যেতে পারে। উল্লেখ্য যে বর্তমানে দায়িত্ব প্রাপ্ত সম্মানিত সকল ডীন এবং বিভাগীয় প্রধানগণের জন্য ই-মেইল এড্রেস খোলা হয়েছে এবং ব্যক্তিগত ই-মেইল এর সাথে লিংক করার ব্যবস্থা রয়েছে।

উপরোক্ত বিষয়বলিতে আপনার সহযোগিতা একান্ত ভাবে কামনা করছি।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে;



(মুহাম্মদ আকরাম হোসেন)

কম্পিউটার প্রোগ্রামার

আইসিটি সেল, বশেমুরক্বি।